

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭৮৮১

কাঞ্চনপুর, ২৩ নভেম্বর, ২০২২

লালজুরি ব্লকভিত্তিক নেশামুক্ত ত্রিপুরা অভিযান : প্রস্তুতিসভা

লালজুরি ব্লকের সভাকক্ষে আজ লালজুরি ব্লকভিত্তিক নেশামুক্ত ত্রিপুরা অভিযান সংগঠিত করার লক্ষ্যে এক প্রস্তুতিসভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন লালজুরি বিএসি'র চেয়ারম্যান অজন্ত কুমার চৌধুরী। এছাড়াও প্রস্তুতি সভায় বিডিও হিমেন্দু বিকাশ পাল, কাঞ্চনপুর মহকুমা যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের আধিকারিক অভিজিৎ চৌধুরী, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ, বিভিন্ন ক্লাব ও বাজার কমিটির প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় সিদ্ধান্ত নেওয়া হয় যে, আগামী ২৮ নভেম্বর জয়শ্রী উচ্চ মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে লালজুরি ব্লকভিত্তিক নেশামুক্ত ত্রিপুরা অভিযান কর্মসূচি সংগঠিত করা হবে। কর্মসূচির মধ্যে জনসচেতনতামূলক নাটক, লোকসঙ্গীত, লোকনৃত্য প্রতিযোগিতা এবং কাবাডি, টাগ অফ ওয়ার প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানকে সুন্দর ও সফল করে তোলার জন্য বিডিও সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য আবেদন রাখেন।
